শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়

শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭

স্মারক নং-শেকৃবি/শিক্ষা ও বৃত্তি/১(১৯০)/২০২৪/২০৭ তারিখঃ ১৩-০৩-২০২৪

নোটিশ

সংশ্লিষ্ট সকলের অবগতি ও কার্যার্থে জানানো যাচ্ছে যে, গত ০১.০২.২০২৪ তারিখে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় এর মাননীয় ভাইস-চ্যান্সেলর এর সভাপতিত্বে স্নাতক পর্যায়ের শিক্ষার্থীদের শিক্ষা সফর বিষয়ক একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় কৃষি অনুষদের ফাইনাল সেমিস্টারে অন্ত:দেশীয় ট্যুর আয়োজনের জন্য শিক্ষার্থীদের আবেদন সংক্রান্ত বিষয়ে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

"কৃষি অনুষদের ফাইনাল সেমিস্টারে অন্ত:দেশীয় ট্যুর আয়োজনের বিষয়ে কমিটির সকল সদস্য একমত পোষণ করেন যে, সকল অনুষদের (কৃষি, এগ্রিবিজনেস ম্যানেজমেন্ট, এএসভিএম, ফিশারিজ, একোয়াকালচার এন্ড মেরিন সায়েন্স) ফাইনাল সেমিস্টারের শিক্ষার্থীদের জন্য অন্ত:দেশীয় ট্যুর এর আয়োজন করা যেতে পারে। ০৪টি অনুষদের ফাইনাল সেমিস্টারে অধ্যয়নরত মোট ৬২৪ (ছয়শত চব্বিশ) জন শিক্ষার্থীকে ১৮ বা ১৯ টি গ্রুপে বিভক্ত করে প্রতি গ্রুপে ১ জন ট্যুর গাইড মনোনীত করে ১৫ (পনের) দিনের জন্য একটি ট্যুর এর ব্যবস্থা হতে পারে। এ ট্যুর ঢাকা, সিলেট, চট্রগ্রাম, কক্সবাজার বা রাজশাহী, ঈশ্বরদী, গাজীপুর, খুলনা, মোংলা অথবা আলোচনার মাধ্যমে অন্যান্য স্থানে হতে পারে। ট্যুর এর প্রয়োজনে প্রতি শিক্ষার্থী বাবদ ৭,৫০০/- (সাত হাজার পাঁচশত) টাকা বাজেট দেয়া যেতে পারে। এই বাজেটের চেয়ে অতিরিক্ত বাজেট প্রয়োজন হলে তা শিক্ষার্থীদেরকে নিজ থেকে ব্যবস্থা করতে হবে।"

(শেখ রেজাউল করিম)
রেজিস্ট্রার

অনুলিপি (সদয় অবগতি/কার্যার্থে)ঃ

১। ডীন, কৃষি/এগ্রিবিজনেস ম্যানেজমেন্ট/এনিম্যাল সাইন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন/ফিশারিজ, একোয়াকালচার এন্ড মেরিন সায়েন্স অনুষদ/পোস্ট গ্রাজুয়েট স্টাডিজ, শেকৃবি, ঢাকা
২। বিভাগীয় চেয়ারম্যান (সকল) ....., শেকৃবি, ঢাকা
৩। পরিচালক (সংশ্লিষ্ট) ....., শেকৃবি, ঢাকা
৪। পরিচালক (আইসিটি সেল), শেকৃবি (বিজ্ঞপ্তিটি শেকৃবি'র ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)
৫। অতিরিক্ত পরিচালক/জনসংযোগ কর্মকর্তা, জনসংযোগ দপ্তর (বিজ্ঞপ্তিটি প্রচারের অনুরোধসহ), শেকৃবি, ঢাকা
৬। ভিসি মহোদয়ের একান্ত সচিব (ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকৃবি, ঢাকা
৭। পি.এ.টু প্রো-ভিসি (প্রো-ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকৃবি, ঢাকা
৮। পি.এ.টু ট্রেজারার (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকৃবি, ঢাকা
৯। পি.এ.টু রেজিস্ট্রার (রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকৃবি, ঢাকা
১০। সকল নোটিশ বোর্ড, শেকৃবি, ঢাকা
১১। অফিস কপি